বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৮৮ তারিখঃ ১৬ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
০১ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮১৩ তম কমিশন সভা অদ্য ০১/০৩/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Meghna Insurance Company Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১,৬০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব Bangladesh Securities and Exchange Commission (Public Issue), Rules, 2015 এর Rule 3(2)(P) থেকে অব্যাহতি পূর্বক অনুমোদন প্রদান করেছে। উল্লেখ্য যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আইন পরিপালনের উদ্দেশ্য এই অব্যাহতি প্রদান করা হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৬ (ষোল) কোটি টাকা পুঁজি উত্তোলন করে পুঁজিবাজারে বিনিয়োগ, সরকারি সিকিউরিটিজ ক্রয়, স্থায়ী আমানতে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১ শে মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভ্যালু (NAV without Revaluation) ১৬.৪১ টাকা (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) ও শেয়ার প্রতি আয় ১.৮৩ টাকা (৩১ শে মার্চ, ২০২১ পর্যন্ত,তিন মাস) এবং বিগত ০৫(পাঁচ) বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted Average EPS) ০.৫৬ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এশিয়ান টাইগার ক্যাপিটাল পার্টনারস ইনভেস্টমেন্টস লিমিটেড, প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড এবং ইউসিবি ইনভেস্টমেন্ট লিমিটেড। এছাড়াও উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবেনা।

০২. কমিশন অদ্যকার সভায়, Bank Asia Limited এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Coupon Bearing Conditional Convertible Perpetual bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটির ৪৫০ (চারশত পঞ্চাশ) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এবং অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পাবলিক অফার এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। বন্ডটির কুপন হার ৬% (Floor) থেকে ১০% (Ceiling) যা আথিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, ট্রাষ্ট, সংগঠন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারী এবং সাধারণ বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে।

উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Bank Asia Limited এর Additional Tier-1 মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। প্রাইভেট প্লেসমেন্ট ও প্রাইভেট অফারের ক্ষেত্রে এই বন্ডের ন্যুনতম সাবস্ক্রিপশন যথাক্রমে ১০,০০০,০০০ (এক কোটি) টাকা ও ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে UCB Investment Limited. বন্ডটির Issue Manager ও Arranger হিসাবে কাজ করছে যথাক্রমে City Bank Capital Resources Limited ও IDLC Finance Limited. এছাড়াও Underwriter হিসাবে দায়িত্ব পালন করবে First Security Islami Capital & Investment Limited, MTB Capital Limited এবং EBL Investments Limited.

০৩. কমিশন অদ্যকার সভায়, National Polymer Industries Limited এর ৩০০ (তিনশত) কোটি টাকার ০৫ বছর মেয়াদী Transferable, Redeemable, Non-Convertible, Unsecured Zero-Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার অভিহিত মূল্য ৪০৮.৯৫ কোটি টাকা। বন্ডটির ইউনিট প্রতি ইস্যু মূল্য ১,০০০ (এক হাজার) টাকা । বন্ডটির ৩০০ (তিনশত) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে। উক্ত বন্ডের Yield to Maturity ৮%। এই বন্ড ইস্যুর মাধ্যমে National Polymer Industries Limited ঋণ পুনঃঅর্থায়ন সম্পন্ন করার পর মূলধনী যন্ত্রপাতি ও বিল্ডিং এবং অবকাঠামো নির্মাণ করবে। এই বন্ডের ন্যূনতম সাবস্ক্রিপশন ৩,০০০ (তিন হাজার) টাকা। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে Bangladesh Finance Limited এবং Arranger ও Advisor হিসাবে কাজ করছে Riverstone Capital Limited. এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে। উল্লেখ্য, কোম্পানি পরিচালকদের ব্যক্তিগত নিশ্চয়তা প্রদানের শর্তে কমিশন কর্তৃক Zero-Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করা হয়েছে।

০৪. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি Mercantile Bank Unit Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকা যার মধ্যে উদ্যোক্তা হিসেবে Mercantile Bank Limited ৫.০০ (পাঁচ) কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ৪৫.০০ (পঁয়তাল্লিশ) কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০.০০ (দশ) টাকা। উক্ত ফান্ডে সম্পদ ব্যবস্থাপক হিসেবে MBL Asset Management Limited ও ট্রাস্টি হিসেবে ICB Capital Management Limited এবং হেফাজতকারী হিসেবে BRAC Bank Limited কাজ করছে।

Rezaul
01-03-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd